মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

নং- ২৪৯/ক/শিপ্র/২০১২/ ১১৮২ তারিখ: ১/৪/১৩

বিষয় : "মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সকল (মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা ২০০৯" সংশোধন প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং-৩৭.০০.০০০০.০৭২.০৬.০৩৪.১২-৮৪০ তারিখ: ২০/১১/২০১২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড (মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা ২০০৯ সংশোধন সংক্রান্ত শিক্ষা মন্ত্রণালয়ের গত ২০/১১/২০১২ তারিখের সভার কার্যবিবরণী (স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.০৬.০৩৪.১২-৭৯৪ তারিখ- ১২/১১/২০১২) সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা-এর ওয়েবসাইটে প্রকাশ করা হলো।

১/৪/১৩

প্রফেসর তাসলিমা বেগম
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

সংযুক্ত ঃ কার্যবিবরণী ০২ (দুই)পাতা

সভাপতি/অধ্যক্ষ/প্রধান শিক্ষক
সকল মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান।

নং- ১১৮২ (৬) তারিখ: ০১/৪/১৩

<u>অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ</u>

১। জেলা প্রশাসক, এ বোর্ডের আওতাধীন সকল জেলা।
২। জেলা শিক্ষা অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল জেলা।
৩। উপজেলা শিক্ষা অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব।
৬। অফিস কপি।

১/৪/১৩
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

২৮/০৩/২০১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moedu.gov.bd

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সকল (মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা ২০০৯ সংশোধন সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি : ড. কামাল আবদুল নাসের চৌধুরী, সচিব, শিক্ষা মন্ত্রণালয়।

তারিখ : ২৯.০৮.২০১২ খ্রিঃ।

সময় : সকাল ১১:৩০ মিনিট।

স্থান : শিক্ষা মন্ত্রণালয়ের সভা কক্ষ।

উপস্থিতির তালিকা : পরিশিষ্ট 'ক'।

সভাপতি সভার প্রারম্ভে উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানান। তিনি সভা আহবানের লক্ষ্য ও উদ্দেশ্য সম্পর্কে একটি সংক্ষিপ্ত বর্ণনা দিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে যুগ্ম-সচিব (মাধ্যমিক) বিগত সভার কার্যবিবরণী এবং বিভিন্ন শিক্ষা বোর্ড কর্তৃক প্রেরিত সংশোধনী সমূহের উপর বিস্তারিত আলোচনা করেন। উপস্থিত কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন এবং তাঁদের গুরুত্বপূর্ণ মতামত প্রদান করেন।

বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সভায় নিম্ন বর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয় :

ক্রমিক নং	প্রবিধান ও সংশোধনীর ধরণ	সংশোধনী
১.	প্রবিধান-২ ক (আ) তে প্রতিস্থাপন	"তাহার তত্ত্বাবধানকারী অন্য কোন ব্যক্তি" শব্দগুলোর পরিবর্তে "আইনগত অভিভাবক" শব্দগুলো প্রতিস্থাপিত হবে।
২.	প্রবিধান-২ চ (আ) (১) এ প্রতিস্থাপন	"বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের দাতা" শব্দগুলোর পরিবর্তে "বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের আজীবন দাতা" শব্দগুলো প্রতিস্থাপিত হবে।
৩.	প্রবিধান-২ ঠ এ প্রতিস্থাপন ও সংযোজন	"প্রদর্শক" শব্দটির পর "ইনস্ট্রাকটর" শব্দটি বসবে এবং দ্বিতীয় লাইন হিসেবে যুক্ত হবে "গ্রন্থাগারিক, সহকারি গ্রন্থাগারিক এবং অফিস ব্যবস্থাপনার জন্য বা খণ্ডকালীন শিক্ষাদানের জন্য নিযুক্ত কোন ব্যক্তি শিক্ষক হিসেবে গণ্য হইবেন না"।
৪.	প্রবিধান-২ থ এ সংযোজন	"সাধারণ শিক্ষক বলতে প্রধান শিক্ষক/সহকারি প্রধান শিক্ষক/ অধ্যক্ষ/উপাধ্যক্ষ ব্যতিত অপরাপর শিক্ষকগণকে বোঝাইবে।"
৫.	প্রবিধান-৩ (২) এ প্রতিস্থাপন	"তবে শর্ত থাকে যে ..." অংশের "শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের প্রধান প্রকৌশলী সদস্য হিসাবে অন্তর্ভুক্ত থাকিবেন" শব্দগুলোর পরিবর্তে "শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের প্রধান প্রকৌশলী অথবা তাঁর মনোনীত একজন প্রকৌশলী সদস্য হিসাবে অন্তর্ভুক্ত থাকিবেন, যাহার পদমর্যাদা সহকারি প্রকৌশলীর নিম্নে হইবে না" শব্দগুলো প্রতিস্থাপিত হবে।
৬.	প্রবিধান-৪ (১) খ এর সাথে সংযোজন	"আরও শর্ত থাকে যে, উচ্চ মাধ্যমিক স্তরের কোন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে প্রাথমিক স্তর সংযুক্ত থাকিলে প্রাথমিক স্তরের শিক্ষকগণের মধ্য হইতে তাঁহাদের ভোটে একজন শিক্ষক সদস্য নির্বাচিত হইবেন এবং সেই ক্ষেত্রে মোট নির্বাচিত সাধারণ শিক্ষক সদস্য দুই জনের পরিবর্তে তিনজন হইবে।"
৭.	প্রবিধান-৪ (১) গ এ প্রতিস্থাপন	"তবে শর্ত থাকে যে, ..." অংশের "মাধ্যমিক স্তর সংযুক্ত থাকিলে, উভয় স্তরের মহিলা শিক্ষকগণের মধ্য হইতে তাঁহাদের ভোটে ..." শব্দগুলোর পরিবর্তে "মাধ্যমিক/প্রাথমিক ও মাধ্যমিক স্তর সংযুক্ত থাকিলে, সকল স্তরের মহিলা শিক্ষকগণের মধ্য হইতে পুরুষ মহিলা নির্বিশেষে সকল স্তরের সকল শিক্ষকের ভোটে ..." শব্দগুলো প্রতিস্থাপিত হবে।
৮.	প্রবিধান-৪ (১) ঘ এর সাথে সংযোজন	"আরও শর্ত থাকে যে, উচ্চ মাধ্যমিক স্তরের কোন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে প্রাথমিক স্তর সংযুক্ত থাকিলে ১ম-৪র্থ শ্রেণির শিক্ষার্থিদের অভিভাবকগণের মধ্য হইতে ১ম-৫ম শ্রেণির শিক্ষার্থীদের অভিভাবকগণের ভোটে একজন সাধারণ অভিভাবক সদস্য নির্বাচিত হইবেন এবং সেই ক্ষেত্রে মোট নির্বাচিত সাধারণ অভিভাবক সদস্য চার জনের পরিবর্তে পাঁচজন হইবে।"

৯.	প্রবিধান-৪ (১) ঙ সংশোধন	"তবে শর্ত থাকে যে ..." অংশটি নিম্নরূপভাবে সংশোধিত হবে "তবে শর্ত থাকে যে, উচ্চ মাধ্যমিক স্তরের কোন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে মাধ্যমিক/মাধ্যমিক ও প্রাথমিক স্তর সংযুক্ত থাকিলে উচ্চ মাধ্যমিক স্তরের ১১শ, মাধ্যমিক স্তরের ৬ষ্ঠ-৯ম এবং প্রাথমিক স্তরের ১ম-৪র্থ শ্রেণির শিক্ষার্থিদের মহিলা অভিভাবকগণের মধ্য হইতে পুরুষ মহিলা নির্বিশেষে সকল স্তরের সকল অভিভাবকের ভোটে একজন সংরক্ষিত মহিলা অভিভাবক সদস্য নির্বাচিত হইবেন।"
১০.	প্রবিধান-৫ (৩) এ প্রতিস্থাপন	"প্রথম শ্রেণীর সরকারি কর্মকর্তা" শব্দগুলোর পরিবর্তে "সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত বা অবসরপ্রাপ্ত প্রথম/দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা" শব্দগুলো প্রতিস্থাপিত হবে।
১১.	প্রবিধান-৫ (৫) হিসেবে সংযোজন	"সভাপতির পদ কোন কারণে শূণ্য হইলে প্রবিধান ৫(১), ৫(২), ৫(৩) ও ৫(৪) এর বিধান মতে পদ শূণ্য হইবার অনধিক সাত দিনের মধ্যে পুনরায় সভাপতি নির্বাচিত হইবেন।"
১২.	প্রবিধান-৭ খ এর ২য় প্যারায় সংযোজন	"তাছাড়া, মাধ্যমিক স্তরে কারিগরি শাখা সংযুক্ত থাকিলে শিক্ষক প্রতিনিধি নির্বাচনের ক্ষেত্রে কারিগরি শাখার শিক্ষকগণ মাধ্যমিক স্তরের শিক্ষক হিসাবে বিবেচিত হইবেন।"
১৩.	প্রবিধান-৭ ঘ এর ২য় প্যারায় সংযোজন	"তাছাড়া, মাধ্যমিক স্তরে কারিগরি শাখা সংযুক্ত থাকিলে অভিভাবক প্রতিনিধি নির্বাচনের ক্ষেত্রে কারিগরি শাখার শিক্ষার্থীদের অভিভাবকগণ মাধ্যমিক স্তরের অভিভাবক হিসাবে গণ্য হইবেন।"
১৪.	প্রবিধান-৭ (ঝ) এ প্রতিস্থাপন	"ম্যানেজিং কমিটির প্রথম সভায়" শব্দগুলোর পরিবর্তে "ম্যানেজিং কমিটি বোর্ড কর্তৃক অনুমোদিত হইবার ত্রিশ দিনের মধ্যে আহুত প্রথম সভায়" শব্দগুলে প্রতিস্থাপিত হবে।
১৫.	প্রবিধান-৮ (১) এ সংযোজন	লাইনের শেষে "এবং উক্ত সভায় নির্বাচিত সদস্যগণের ন্যূনতম দুই তৃতীয়াংশের উপস্থিতি নিশ্চিত করিবেন" কথাগুলো সংযোজিত হবে।
১৬.	প্রবিধান-৮ (২) এ প্রতিস্থাপন	"উপস্থিত সদস্যগণের মধ্য হইতে তাহাদের দ্বারা মনোনীত ... একজন সদস্য সভায় সভাপতিত্ব করিবেন" শব্দগুলোর পরিবর্তে "প্রিজাইডিং অফিসার, যিনি নির্বাচনের দায়িত্বপ্রাপ্ত ছিলেন, সভায় সভাপতিত্ব করিবেন"।
১৭.	প্রবিধান-৮ (৩) এ সংযোজন	"উক্ত সভায় উপস্থিত" শব্দগুলোর পর "নির্বাচিত" শব্দটি সংযোজিত হবে।
১৮.	প্রবিধান-৮ (৪) হিসেবে সংযোজন	"ম্যানেজিং কমিটির সভাপতি নির্বাচনে একাধিক প্রার্থি সমান সংখ্যক ভোট পাইলে লটারির মাধ্যমে সভাপতি নির্বাচন করিতে হইবে।"
১৯.	প্রবিধান-৮ (৫) হিসেবে সংযোজন	"সভাপতির পদ কোন কারণে শূণ্য হইলে, পদ শূণ্য হওয়ার অনধিক সাত দিনের মধ্যে নতুন সভাপতি নির্বাচনের উদ্দেশ্যে সভা আহবান করিতে হইবে। উক্ত সভায় ন্যূনতম দুই তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে প্রবিধান ৮(২), ৮(৩) অনুসরণ পূর্বক সভাপতি নির্বাচিত হইবেন।"
২০.	প্রবিধান-১৫ (১) এর শেষে সংযোজন	"তবে মহানগর এলাকায় ম্যানেজিং কমিটি গঠনের ক্ষেত্রেও জেলা প্রশাসককে লিখিতভাবে অনুরোধ জানাইতে হইবে।"
২১.	প্রবিধান-৫০ (২) সংশোধন	"উপবিধান (১) এর অধীনে গঠিত গভর্নিং বডি বা ক্ষেত্রমত, ম্যানেজিং কমিটিতে সভাপতি, সদস্য সচিব হিসাবে প্রতিষ্ঠান প্রধান, দুইজন শিক্ষক সদস্য এবং তিনজন অভিভাবক সদস্য থাকিবেন।"

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/০১.১১.২০১২
(ড. কামাল আবদুল নাসের চৌধুরী)
সচিব
শিক্ষা মন্ত্রণালয়

৫৫

স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.০৬.০৩৪.১২ - ৭৬৪ তারিখ : ১২ নভেম্বর ২০১২ খ্রিস্টাব্দ
২৮ কার্তিক ১৪১৯ বঙ্গাব্দ

বিতরণ :

১। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, (সকল) ....।
২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৩। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে :

১। যুগ্ম-সচিব (মাধ্যমিক), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। উপ-সচিব (মাধ্যমিক), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(এ জেড এম নূরুল হক)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৫০৩৪১(অফিস)
ই-মেইল : sas_sec2@moedu.gov.bd